

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৮৩৮

আগরতলা, ২৪ ফেব্রুয়ারি, ২০২৫

আগরতলায় ৭৩তম বি এন মল্লিক স্মৃতি অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপের উদ্বোধন  
রাজ্যে গণতান্ত্রিক পরিবেশ রক্ষায় ত্রিপুরা পুলিশ নিরলসভাবে কাজ করছে : মুখ্যমন্ত্রী



ত্রিপুরা পুলিশের ১৫০ বছরের এক গৌরবজনক ইতিহাস রয়েছে। রাজ্যে গণতান্ত্রিক পরিবেশ রক্ষায় ত্রিপুরা পুলিশ যেমন নিরলসভাবে কাজ করে চলেছে তেমনি খেলাধুলাতেও ত্রিপুরা পুলিশের একটা সুনাম রয়েছে। আজ আগরতলার উমাকান্ত ফুটবল স্টেডিয়ামে ৭৩তম বি এন মল্লিক স্মৃতি অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপ-২০২৪-২৫ প্রতিযোগিতার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে আইন শৃঙ্খলা রক্ষার পাশাপাশি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডেও জড়িয়ে রয়েছে ত্রিপুরা পুলিশ। পুলিশের আন্তরিক প্রচেষ্টার ফলেই বর্তমানে রাজ্যে শান্তি বজায় রয়েছে। তিনি বলেন, রাজ্যে এই প্রথমবারের মত ৭৩তম বি এন মল্লিক স্মৃতি অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপের আয়োজন করা হচ্ছে। এই প্রতিযোগিতা আয়োজন করার জন্য মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা ত্রিপুরা পুলিশকে ধন্যবাদ জানান। তিনি বলেন, এই চ্যাম্পিয়নশিপে দেশের ২৫টি রাজ্য, ৪টি কেন্দ্রশাসিত অঞ্চল ও ৭টি কেন্দ্রীয় বাহিনী অংশ নিয়েছে। প্রতিযোগিতায় পুরুষ বিভাগে ৩৬টি দল ও মহিলা বিভাগে ৯টি দল অংশ নিয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলা, দক্ষিণ ত্রিপুরা জেলা ও গোমতী জেলার ৫টি অ্যাস্ট্রোটার্ফ ফুটবল মাঠে আগামী ৭ মার্চ পর্যন্ত এই চ্যাম্পিয়নশিপের ম্যাচগুলি অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, এই ধরনের প্রতিযোগিতার মাধ্যমে বিভিন্ন রাজ্যগুলির খেলোয়াড়দের মধ্যে সুসম্পর্ক তৈরি হওয়ার পাশাপাশি নিজেদের মধ্যে ভাববিনিময় করতে পারবেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড়দের ত্রিপুরার কৃষ্টি, সংস্কৃতি ও ইতিহাস বিজড়িত পর্যটন কেন্দ্রগুলি দেখার জন্য আহ্বান জানান।

২-এর পাতায়

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের আইন শৃঙ্খলার পরিবেশ বর্তমানে দেশের অন্যান্য রাজ্যগুলির তুলনায় ভালো অবস্থানে রয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের আন্তরিক প্রচেষ্টায় ‘অ্যাক্ট ইন্সট পলিসি’র বিভিন্ন পরিকল্পনা উত্তর পূর্বাঞ্চলে রাজ্যগুলিতে সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে। এরফলে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে সড়ক, রেল, বিমান পরিষেবা উন্নতিকরণের মাধ্যমে প্রতিটি রাজ্যের বিকাশ ত্বরান্বিত হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর আন্তরিক উদ্যোগের ফলে রাজ্যে হীরা মডেল বাস্তবায়িত হয়েছে। রাজ্যের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ৬টি জাতীয় সড়কের উন্নয়ন ও নির্মাণের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে। রাজ্যে এমবিবি বিমানবন্দরকে আধুনিক মানের বিমানবন্দরে রূপান্তরিত করা হয়েছে।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, এডিজিপি (ট্রেনিং) এম রাজা মুরগণ। উদ্বোধনী অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, ডিজিপি ইন্টেলিজেন্স অনুরাগ ধ্যানকর। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এডিজিপি (এপি) জি এস রাও। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীকে ত্রিপুরা পুলিশের পক্ষ থেকে গার্ড অব অনার দেওয়া হয়। মুখ্যমন্ত্রী অংশগ্রহণকারী ৪৫টি দলের ম্যানেজারদের সাথে পরিচিত হন। অনুষ্ঠানে এছাড়া খেলোয়ারদের শপথ বাক্য পাঠ করানো হয়।

\*\*\*\*\*